

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ, ১৪১৬ বঙ্গাব্দ/১১ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৫১-আইন/২০০৯/২২৫৪/শুল্ক।- Customs Act, 1969 (Act IV of 1969) এর sections 18(4) ও 19(1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত Act এর FIRST SCHEDULE এর Heading 87.03 এর বিপরীতে আমদানিকৃত মোটর গাড়ীর উপর আরোপিত সমুদয় রেগুলেটরী ডিউটি (RD), আমদানি শুল্ক যেই পরিমাণে ম-ল্যভিত্তিক ২০% এর অতিরিক্ত হয় সেই পরিমাণ এবং সম্পূর্ণ শুল্ক (যদি থাকে) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, মওকুফ করিল, যথাঃ-

শর্ত

- (১) ট্যাক্সিক্যাব হিসাবে ব্যবহারের লক্ষ্যে আমদানিকৃত অনূর্ধ্ব ২০০০ সি.সি. কিন্তু ১৫০০ সি.সি এর কম নহে, ক্ষমতা সম্পূর্ণ নূতন অথবা অনধিক তিন (৩) বৎসরের পুরাতন মোটর গাড়ী ও স্টেশন ওয়াগন, অতঃপর মোটর গাড়ী বলিয়া উলিখিত, আমদানির ক্ষেত্রে উপরি-উক্ত শুল্ক রেয়াত সুবিধা প্রযোজ্য হইবে :

তবে শর্ত থাকে যে, গাড়ীর বয়স উহার চেসিস তৈরীর তারিখের পরবর্তী বৎসরের প্রথম দিন হইতে গণনা করা হইবে এবং জাপান হইতে মোটর গাড়ী আমদানির ক্ষেত্রে, জাপান অটোমোবাইল এ্যাসোসিয়েশন কর্তৃক প্রকাশিত চেসিসবুক অনুসারে ও অন্যান্য দেশের ক্ষেত্রে আন্তর্জাতিক খ্যাতিসম্পূর্ণ সার্ভেয়ার কর্তৃক প্রদত্ত সার্টিফিকেটে লিখিত গাড়ী তৈরীর তারিখ অনুসারে নির্ধারিত হইবে;

- (২) কেবলমাত্র Taxpayer Identification Number (TIN) প্রাপ্ত এবং নব্বিতম ১০ লক্ষ টাকা Paid up Capital সম্পূর্ণ পাবলিক বা প্রাইভেট লিমিটেড কোম্পানী উক্তরূপ মোটর গাড়ী আমদানি করিতে পারিবে এবং আমদানিকৃত মোটর গাড়ী আমদানিকারী কোম্পানীর নামে বা অর্থায়নকারী

ব্যাংক বা লিজিং কোম্পানীর নামে ট্যাক্সিক্যাব হিসাবে রেজিস্ট্রেশন করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, রেয়াতী সুবিধার অপব্যবহার হইলে আমদানিকারী কোম্পানী, সংশ্লিষ্ট অর্থায়ন ব্যাংক বা লিজিং কোম্পানী যৌথভাবে ও এককভাবে সরকারের প্রাপ্য শুল্ক-কর পরিশোধে বাধ্য থাকিবে মর্মে আমদানিকারককে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের নিকট গ্যারান্টি প্রদান করিতে হইবে;

- (৩) বিআরটিএ কর্তৃক নির্ধারিত ডিজাইন, রং ও অন্যান্য বৈশিষ্ট্যসম্পন্ন ও মিটারযুক্ত অবস্থায় মোটর গাড়ী আমদানি করিতে হইবে;
- (৪) একটি চালানে একত্রে ন—্যনতম ১০ (দশ) টি মোটর গাড়ী আমদানি করিতে হইবে;
- (৫) আমদানিকৃত মোটর গাড়ীর চালান শুক্কায়নের সময় আমদানিকৃত মোটর গাড়ী ট্যাক্সি সার্ভিস ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইবে না মর্মে একটি অঙ্গীকারনামা আমদানিকারককে সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষের বরাবরে দাখিল করিতে হইবে;
- (৬) শুক্কায়নের সময় আমদানি সংক্রান্ত সকল দলিলপত্রে “ট্যাক্সিক্যাব হিসাবে ব্যবহারের জন্য আমদানিকৃত” শব্দগুলি উল্লেখপূর্বক সংশ্লিষ্ট শুল্ক কর্তৃপক্ষকে সীল দিতে হইবে;
- (৭) আমদানিকৃত মোটর গাড়ী শুক্কায়ন ও খালাসের পর আমদানি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য শুল্ক কর্তৃপক্ষ সরাসরি বিআরটিএ -কে প্রেরণ করিবে এবং উক্ত তথ্য প্রাপ্তির পর বিআরটিএ -কে ট্যাক্সিক্যাব হিসাবে মোটর গাড়ী রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;
- (৮) সাধারণ গাড়ীর উপর প্রযোজ্য স্বাভাবিক শুল্ক-কর পরিশোধ এবং সেই মর্মে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর প্রত্যয়নপত্র ব্যতিরেকে এই প্রজ্ঞাপনের আওতায় রেয়াতীহারে আমদানিকৃত এবং ট্যাক্সিক্যাব হিসাবে রেজিস্ট্রিকৃত কোন মোটর গাড়ী বিআরটিএ “ব্যক্তিগত গাড়ী” হিসাবে পুনরায় রেজিস্ট্রেশন করিতে পারিবে না :

তবে শর্ত থাকে যে, ট্যাক্সিক্যাব হিসাবে রেজিস্ট্রেশনকৃত কোন মোটর গাড়ী রেজিস্ট্রেশনের তারিখ হইতে ন—্যনতম ৮ (আট) বৎসর ট্যাক্সিক্যাব হিসাবে চালানোর পর আমদানিকালে এই প্রজ্ঞাপনের আওতায় স্বাভাবিক শুল্ক-কর হইতে যেই পরিমাণ শুল্ক-কর অব্যাহতি প্রদান করা হইয়াছিল সেই পরিমাণ শুল্ক-করের ২০% পরিশোধ করা হইয়াছে এই মর্মে সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক

ইস্যুকৃত প্রত্যয়নপত্রের ভিত্তিতে ট্যাক্সিক্যাব হস্‌হোল্ডার, ও “ব্যক্তিগত গাড়ী” হিসাবে বিআরটিএতে প—ণরায় রেজিষ্ট্রেশন, করা যাইবে;

(৯) রেয়াতী শুক্কে আমদানিকৃত মোটরগাড়ী হস্তান্তর করা যাইবে না :

তবে শর্ত থাকে যে, কোন বিশেষ প্রয়োজনে, হস্তান্তরের প্রয়োজনীয়তা দেখা দিলে বিআরটিএ কেবলমাত্র ট্যাক্সিক্যাব হিসাবে শর্ত (২) এ উলি-খিত কোন কোম্পানীর নিকট মোটর গাড়ী হস্তান্তরের অনুমতি প্রদান করিতে পারিবে :

আরও শর্ত থাকে যে, অনুরূপ হস্তান্তরের পূর্বে হস্তান্তর গ্রহীতা কোম্পানিকে নতুনভাবে সংশি-ষ্ট শুক্ক কর্তৃপক্ষের নিকট শর্ত (২) অনুসারে গ্যারান্টি এবং শর্ত (৫) অনুসারে অংগীকারনামা দাখিল করিতে হইবে।

০২। শর্ত (৫) ভংগকারী কোম্পানীর বিরুদ্ধে সংশি-ষ্ট শুক্ক কর্তৃপক্ষ Customs Act, 1969 (IV of 1969) এর section 156(1) এর Table এর Column 1 এর serial No. 10A এর বিপরীতে Column 2 এ বর্ণিত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(ড. নাসিরউদ্দীন আহমেদ)
ভারপ্রাপ্ত সচিব।